

সহপাঠীর হাতে কমার্স কলেজের শিক্ষার্থী খুন

নিজস্ব প্রতিবেদক

০৭ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



রাজধানীর মিরপুরের শাহ আলী থানা এলাকায় জুবায়ের হাসান রাফিত (১৮) নামে ঢাকা কমার্স কলেজের এক শিক্ষার্থী খুন হয়েছে। সে কমার্স কলেজের একাদশ শ্রেণিতে পড়ত। সহপাঠী রাজিন চৌধুরী এ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত বলে জানিয়েছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যায় কমার্স কলেজের স্টাফ কোয়ার্টারে এ ঘটনা ঘটে। নিহত জুবায়ের গ্রামের বাড়ির নারায়ণগঞ্জের রূপগঞ্জে। তার বাবার নাম আবুল বাসার। দুই ভাই ও এক বোনের মধ্যে সে ছিল সবার বড়। ঢাকায় মামার বাসায় থেকে পড়াশোনা করত। এদিকে আইনজীবী ইকবাল চৌধুরীর ছেলে অভিযুক্ত রাজিন। তার মা ঢাকার বাইরের একটি কলেজের শিক্ষিকা।

নিহতের মামা নুরুজ্জামান বলেন, সকালে (গতকাল) কোচিং করতে জুবায়ের বের হলেও আর বাসায় ফেরেনি। পরে তাকে অনেক জায়গায় খোঁজাখুঁজি করা হয়। সন্ধ্যায় কলেজের এক শিক্ষক জানান, তাকে হত্যা করা হয়েছে। এসে দেখি কলেজের

স্টাফ কোয়ার্টারের তৃতীয় তলায় তার দেহ রক্তাক্ত অবস্থায় পড়ে আছে।

নুরুজ্জামান আরও বলেন, কিছুদিন আগে কলেজের কয়েকজন বন্ধুর সঙ্গে জুবায়েরের ঝগড়া হয়েছিল। শিক্ষকরা তা মিটমাট করে তাকে বন্ধুদের কাছ থেকে দূরে থাকতে বলেছিলেন। তারাই জুবায়েরকে হত্যা করেছে।

শাহ আলী থানার ওসি মো. তারিকুজ্জামান বলেন, কমার্স কলেজের একাদশ শ্রেণির দুই শিক্ষার্থীর দ্বন্দ্বের জেরে হত্যাকাণ্ড ঘটেছে। তবে হত্যার কারণ সম্পর্কে এখনো জানা যায়নি। অভিযুক্ত শিক্ষার্থী পলাতক। নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।